# হাটহাজারী উপজেলা পরিষদ

## চট্টগ্রাম জেলা।

তথ্য বাতায়ন : hathazari.chittagong.gov.bd

**অক্টোবর, ২০২০ মাসে অনুষ্ঠিত ৫ম উপজেলা পরিষদের ১০ম মাসিক সভার কার্যবিবরণী :**

সভাপতি : **জনাব এস এম রাশেদুল আলম**
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, হাটহাজারী।
তারিখ ও সময় : ২২/১০/২০২০ খ্রি., সকাল : ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা : **পরিশিষ্ট – 'ক'** দ্রষ্টব্য।

সভাপতি জনাব এস এম রাশেদুল আলম কর্তৃক উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। আলোচ্যসূচি মোতাবেক ০৯/০৩/২০২০ খ্রি. তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদের সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। উক্ত কার্যবিবরণী যথাযথভাবে লিপিবদ্ধ হওয়ায় সর্বসম্মতক্রমে অনুমোদিত হয় এবং বিভাগীয় কর্মকর্তাদের পর্যায়ক্রমে আলোচনা করার জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করা হয়।

আলোচনা ও সিদ্ধান্তসমূহ :

| ক্রঃ নং | বিভাগীয় আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ০১ | **ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন :** ডিজিটাল বাংলাদেশ গঠন ও মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন এবং টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় ই-টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়ায় স্বচ্ছতা আনার লক্ষ্যে ই-টেন্ডারের মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন হবে। | অত্র উপজেলা ই-টেন্ডার কার্যক্রম সম্পন্ন হওয়ায় সভায় উপজেলা প্রকৌশলীকে ধন্যবাদ জানানো হয়। টেন্ডার প্রক্রিয়া স্বচ্ছ করার লক্ষ্যে অত্র উপজেলায় সকল ধরণের উন্নয়ন কাজের টেন্ডার প্রক্রিয়া ইজিপি'র মাধ্যমে বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২= = | **স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর :**<br>উপজেলা প্রকৌশলী, হাটহাজারী সভায় জানান, ADP, রাজস্ব গত আক্টোবর,২০১৯-অক্টোবর,২০২০ পর্যন্ত এক বছরে তিনটি টেন্ডার সম্পন্ন হয়েছে। দপ্তরে জনবল সংকটের কারণে কার্যক্রম ধীরগতিতে চলছে বলে জানান। তিনি ছিপাতলী ইউপি চেয়ারম্যানের প্রস্তাবের প্রেক্ষিতে ভাঙ্গা সড়ক সংস্কারে একটি পাইলট প্রজেক্ট গ্রহণের মাধ্যমে মোবাইল মেইনটেন্যান্স রিপেয়ারিং এর ব্যবস্থা নেয়া হবে বলে জানান। এছাড়া ADP থেকে ১ কোটি ৮লক্ষ টাকা হতে ১ম কিস্তির ২৭ লক্ষ টাকা বিভাজন করা হবে বলে জানান। এছাড়াও তার দপ্তরের কার্যক্রম স্বাভাবিভাবে চলমান রয়েছে বলে জানান। | উপজেলা প্রকৌশল বিভাগের সকল কার্যক্রম সুস্ঠুভাবে মনিটরিংপূর্বক অবহিত করে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ০৩ | **(ক) ডিজিটাল বাংলাদেশ গঠন ও রূপকল্প ২০২১ বাস্তবায়ন:** ডিজিটাল বাংলাদেশ গঠনের মাধ্যমে রূপকল্প ২০২১ অর্জনের লক্ষে সকল অফিস/সংস্থার সেবা প্রদান কার্যক্রম অনলাইনে শুরু করা ওয়েব পোর্টালের সকল কার্যক্রম সম্পন্নকরণ এবং অফিসের যাবতীয় কার্যক্রম ডিজিটালাইজড করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**(খ) ইউনিয়ন ডিজিটাল সেন্টার :** দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষে কম্পিউটার প্রশিক্ষণ কার্যক্রমের মাধ্যমে তথ্য প্রযুক্তির উন্নয়ন ও এর মাধ্যমে জনগণকে তথ্য সেবা প্রদান করা ইউনিয়ন ডিজিটাল সেন্টার স্থাপনের মূল লক্ষ্য। প্রত্যেক ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়ে সভায় আলোচনা করা হয়।<br>**(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধন :** জন্ম নিবন্ধন কার্যক্রমকে আধুনিকায়ন ও সার্বজনীন জন্ম ও মৃত্যু নিবন্ধনের অনিয়ম দূরীকরণার্থে অনলাইন জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম বিষয়ক বিস্তারিত আলোচনা করা হয়।<br>**(ঘ) বিবাহ নিবন্ধন :** বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে অনেক সময় ভুল জন্ম সনদ দিয়ে অপ্রাপ্ত বয়স্কদের বিবাহ দেয়া হচ্ছে, যা বাল্য বিবাহের মতো গুরুতর অপরাধ। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।<br>**(ঙ) নিরাপদ খাদ্য ব্যবস্থাপনা নিশ্চিতকরণ :** নিরাপদ খাদ্য আইন, ২০১৩ মোতাবেক খাদ্য উৎপাদন, আমদানি, প্রক্রিয়াকরণ, মজুদ, সরবরাহ ও বিপননের সকল স্তরে খাদ্যের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়।<br>**(চ) জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধ সংক্রান্ত :** জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খুৎবায় আলোচনা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণ, সামাজিক সচেতনতা সৃষ্টি ও সকল শিক্ষা ও ধর্মীয় প্রতিষ্ঠানে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত | (ক) সকল অফিস/সংস্থার সেবা কার্যক্রম জনগণের দোরগোড়ায় পৌঁছানোর লক্ষে সকল বিভাগীয় প্রধান ও ইউ,পি চেয়ারম্যানকে অনুরোধ জানানো হয়।<br>(খ) ইউনিয়ন ডিজিটাল সেন্টারের দৈনিক আয়ের হিসাব পরিচালকগণ ব্লগে ও টুলসে প্রেরণ অব্যাহত রাখার বিষয়টি নিশ্চিত করতে সংশ্লিষ্ট ইউ,পি চেয়ারম্যানগণকে অনুরোধ জানানো হয়।<br>(গ) জন্ম ও মৃত্যু নিবন্ধনের ক্ষেত্রে একই ব্যক্তির যাতে দ্বৈত সনদ ইস্যু না হয় সেদিকে সতর্ক দৃষ্টি রেখে অনলাইনে জন্ম নিবন্ধন কার্যক্রম অব্যাহত রাখার জন্য ইউ,পি চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়।<br>(ঘ) বিবাহ নিবন্ধনের ক্ষেত্রে জন্ম সনদ যাচাই পূর্বক বিবাহ নিবন্ধন করার জন্য সংশ্লিষ্টবিবাহনিবন্ধনরেজিস্ট্রার/কাজীদের অনুরোধ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী।<br>২। বিভাগীয় প্রধান (সকল), হাটহাজারী।<br>৩। ইউ,পি চেয়ারম্যান (সকল), হাটহাজারী। |

| | | | |
|---|---|---|---|
| | আলোচনা হয়।<br>**(ছ) মানব পাচার ও রোহিঙ্গাদের অবৈধ অনুপ্রবেশ প্রতিরোধ সংক্রান্ত :** মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে অত্র উপজেলার কোন ইউনিয়নে ভোটার হতে না পারে সে বিষয়ে জনসচেতনতা ও প্রচারণার লক্ষে সভায় বিস্তারিত আলোচনা হয়। | (ঙ) খাদ্যের উৎপাদন, আমদানি, মজুদকরণ ও সরবরাহের ক্ষেত্রে যাতে খাদ্যের গুনগত মান অটুট থাকে ও খাদ্যের নিরাপত্তা নিশ্চিত থাকে সে লক্ষে জনসচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(চ) জঙ্গীবাদ নির্মূল ও প্রতিরোধে সকল মসজিদে শুক্রবার জুমার নামাযের পর বিশেষ খোৎবা বলা, ভাড়াটিয়া ও সন্দেহভাজন লোকের আনাগোনার উপর নজরদারীকরণসহ সামাজিক সচেতনতা ও প্রচারনা বৃদ্ধির অনুরোধ জানানো হয়।<br>(ছ) মানব পাচার প্রতিরোধ এবং হাটহাজারীর অভ্যন্তরে যাতে কোন রোহিঙ্গা বসবাস ও অনুপ্রবেশ করতে না পারে এবং কোন রোহিঙ্গা যাতে ভোটার হতে না পারে সে বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়। | |
| ০৪== = | **উপজেলা স্বাস্থ্য বিভাগ :**<br>উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান, সভায় করোনাকালীন বৈশ্বিক মহামারীতে উপজেলা পরিষদ হতে বিভিন্ন সহযোগিতা প্রদানের জন্য এবং মাননীয় এমপি মহোদয়কে আন্তরিকভাবে ধন্যবাদ জ্ঞাপন করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন প্ল্যান্ট স্থাপনে সার্বিক সহায়তা প্রদানের জন্য সাথে সাথে যারা সহযোগিতা করেছেন তাদের সকলকে পাশে থাকার জন্য ধন্যবাদ জানান। তিনি টিকা দান কর্মসূচিতে সকল ইউপি চেয়ারম্যানগণের সহযোগিতা কামনা করেন। তিনি বলেন অনেক ইউনিয়নে মানুষের বাড়িতে বসে টিকাদান কর্মসূচি চালাতে হয় যদি ইউপি কার্যালয়ের একটি কক্ষ বা শিক্ষা প্রতিষ্ঠানের কোন কক্ষ ব্যবহার করা যায় তাহলে টিকা প্রদানের ক্ষেত্রে সহজ হবে বলে সভায় জানান। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা স্বাস্থ্য বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা, হাটহাজারী। |
| == | **উপজেলা কৃষি বিভাগ :**<br>উপজেলা কৃষি কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান যে, আমন,২০২০-২১ মৌসুমে মোট আমন ধান আবাদকৃত জমির পরিমাণ ৯৪০০ হে:। আধুনিক উচ্চ ফলনশীল জাতের মধ্যে ব্রি-ধান ৮৭ এর চাষ শুরু করা হয়েছে। এ বছর আমানের লক্ষ্যমাত্রা ছিল ৮৯০০ হে:। লক্ষ্যমাত্রার তুলনায় ৫০০ হে: বেশি চাষাবাদের আওতায় আসছে। ন্যায্যমূল্য প্রাপ্তিই উৎপাদন এলাকা বৃদ্ধির কারণ। আগামী বোরো মৌসুমে উচ্চ ফলনশীল জাতের মধ্যে ব্রি-ধান ৮৮, ব্রি-ধান-৮৯ ৮টন/হে: ফলন প্রদান করে বলে খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে কৃষক পর্যায়ে জাতটি প্রচলনের জন্য প্রচেষ্টা অব্যাহত আছে। অনাবাদী জমি সেচ প্রদানের মাধ্যমে চাষের আওতায় আনার জন্য খালসমূহ খননের জন্য বিএডিসির সহযোগিতা কামনা করা হয়। করোনাকালীন সময়ে স্বাস্থ্যবিধি মেনে জনসমাগম এড়িয়ে ছোট পরিসরে কৃষকদের বাড়িতে উঠান বৈঠকের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির জন্য প্রযুক্তিগত পরামর্শ প্রদান করা হচ্ছে। এছাড়া ধান বীজের মান যথাযথ পর্যায়ে সংরক্ষণ করার পরীক্ষার জন্য কৃষকদেরকে ময়েশ্চার মিটার সীড ড্রায়ার এবং ইরি কোকুন ব্যবহারের উপর উঠান বৈঠকের মাধ্যমে নির্দেশনা প্রদান অব্যাহত আছে এবং দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা কৃষি বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক বিভিন্ন দিবস ও কৃষকদের সরকারি সহযোগিতার বিষয়ে চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য উপজেলা কৃষি কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা কৃষি কর্মকর্তা, হাটহাজারী। |
| == | **উপজেলা প্রাণি সম্পদ বিভাগ :**<br>উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হাটহাজারী সভায় জানান, নিরাপদ খাদ্য উৎপাদনে কাজ করে যাচ্ছে এবং ডিম উৎপাদনে আমাদের দেশ ভাল অবস্থানে রয়েছে। দুধ উৎপাদনের ক্ষেত্রে কাঁচা ঘাসের উপর নির্ভরতার কারণে কিছুটা সমস্যার সম্মুখীন হতে হচ্ছে। কাঁচা ঘাস উৎপাদনে খামারীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা প্রাণি সম্পদ বিভাগের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ চেয়ারম্যান, উপজেলা পরিষদ ও উপজেলা নির্বাহী অফিসারকে অবহিত করার জন্য উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৫ | **উপজেলা মৎস্য বিভাগ :**<br>উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান, ইউনিয়ন পর্যায়ে গত মাসে মাঠ দিবস ও প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করা হয়েছে এবং হালদা নদী ও বিভিন্ন মাছের বাজারে অভিযান অব্যাহত আছে। এছাড়া দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে | উপজেলা মৎস্য বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী। |

| | | | |
|---|---|---|---|
| | চলমান রয়েছে। | পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা মৎস্য কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | |
| ০৬== | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান যে, যুবকদের জন্য পরিচালিত প্রশিক্ষণ, ঋণ বিতরণ, আত্মকর্মসংস্থান সহ সকল কার্যক্রম দাপ্তরিক নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। করোনাকালীন যুব ঋণ তিন মাস কোন কিস্তি আদায় করা হয়নি। জুন পরবর্তী সমন্বয় করে কিস্তি আদায় করা হচ্ছে। প্রশিক্ষণ কার্যক্রম বাজেট প্রাপ্তির পর শুরু হয়েছে। আগামী ১ নভেম্বর যথাযোগ্য মর্যাদায় স্বাস্থ্যবিধি মেনে সংক্ষিপ্তভাবে পালনের নির্দেশনা এসেছে। এবারের প্রতিপাদ্য বিষয়ক- মুজিব বর্ষের আহ্বান, যুব কর্মসংস্থান। দিবসটি উদ্‌যাপনে সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে জানান। | উপজেলা যুব উন্নয়ন বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিত করণের জন্য উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| == | **উপজেলা শিক্ষা ও মাধ্যমিক শিক্ষা বিভাগ :**<br>উপজেলা শিক্ষা কর্মকর্তা(প্রতিনিধি), হাটহাজারী জানান, করোনা কালীন সময়ে অনলাইনে পাঠদান কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে।<br>উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা জানান, করোনা মহামারীর কারণে ১৭ মার্চ ২০২০ খ্রি. থেকে শিক্ষা প্রতিষ্ঠানে শ্রেণি কার্যক্রম বন্ধা থাকায় শিক্ষা প্রতিষ্ঠানে অনলাইন ক্লাস চালুর মাধ্যমে শিক্ষা কার্যক্রম পরিচালিত হচ্ছে। করোনার কারণে বার্ষিক পরীক্ষা গ্রহণের সুযোগ না থাকায় অ্যাসাইনমেন্ট এর মাধ্যমে শিক্ষার্থীদের মূল্যায়নের জন্য প্রতিষ্ঠানদের নির্দেশনা দেওয়া হয়েছে। উপবৃত্তি কার্যক্রমে শিক্ষার্থীদের অন্তর্ভূক্তির কার্যক্রম চলছে। অনলাইনে উপবৃত্তির আবেদন ০৮/১০/২০২০ হতে ০৭/১১/২০২০ খ্রি. তারিখের মধ্যে সম্পাদনের জন্য প্রতিষ্ঠানকে নির্দেশনা প্রদান করা হয়েছে। অনলাইনে শিক্ষা জরিপ,২০২০ চলছে। জরিপ কার্যক্রম ৩০ অক্টোবর ২০২০ তারিখের মধ্যে সম্পাদনের জন্য অনুরোধ করা হয়েছে। এছাড়া বিভাগীয় সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা শিক্ষা বিভাগের গত দেড় বছরে শিক্ষা কমিটির কোন সভা না হওয়ার বিষয়ে উপজেলা শিক্ষা কর্মকর্তার কাছে এর কারণ জানতে চাওয়া হয় এবং উপজেলা শিক্ষা বিভাগ ও মাধ্যমিক শিক্ষা বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা শিক্ষা কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | ১। উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী।<br>২। উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী। |
| == | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ :**<br>উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান, দু:স্থ মহিলা উন্নয়ন (ভিজিডি) কর্মসূচির ২০১৯-২০২০ চক্রে মেয়াদ ডিসেম্বর/২০২০ খ্রি. মাসে সমাপ্ত হবে এবং ২০২১-২০২২ চক্রের ভিজিডি উপকারভোগী নির্বাচনের নির্দেশনা পাওয়া গেছে। কার্ড সংখ্যা পূর্বে যা ছিল তাই রয়েছে এবং পরিপত্রের আলোকে উপজেলা ভিজিডি কমিটির সভা ২২/১০/২০২০খ্রি. তারিখে সকল ইউপি চেয়ারম্যানগণের উপস্থিতিতে উপজেলা নির্বাহী অফিসারের সভাপতিত্বে সম্পন্ন হয়েছে। ইউনিয়ন পর্যায়ে মাতৃত্বকাল ভাতার বরাদ্দ পাওয়া গেছে। প্রত্যেক ইউনিয়ন ৪৫ জন করে মোট ৬৩০ জনের বরাদ্দ পাওয়া গেছে এবং প্রত্যেক ইউপি চেয়ারম্যানের অনুকূলে পত্র প্রেরণ করা হয়েছে। পৌরসভায় পরিচালিত কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচির ২০২০-২১ অর্থ বছরের জন্য ৫০ জনের বরাদ্দ পাওয়া গেছে এবং পৌরসভায় পত্র প্রেরণ করা হয়েছে এবং তালিকা পাওয়া গেছে চলতি মাসের ০৭/১০/২০২০ আত্মকর্মসংস্থানের ক্ষুদ্রঋণ বিতরণ করা হয়ে ৩১ জনকে ১৫০০০/- টাকা করে মোট ৪,৬৫,০০০/- টাকা। এছাড়া মহিলা বিষয়ক বিভাগের দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা মহিলা বিষয়ক বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৭== | **উপজেলা সমবায় বিভাগ :** উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী সভাকে জানান, আগামী ৭ নভেম্বর ২০২০ জাতীয় সমবায় দিবস। সরকারি নির্দেশনা অনুযায়ী সীমিত আকারে উদ্‌যাপিত হবে। তিনি উক্ত দিবসে উপস্থিত সকলকে আমন্ত্রণ জানান। এছাড়া সমবায় বিভাগের দাপ্তরিক সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | উপজেলা সমবায় বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিত করণের জন্য উপজেলা সমবায় কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |
| == | **উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :**<br>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী জানান, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ডের আওতাধীন ৪টি কর্মসূচির/প্রকল্পের ৭৬টি সমিতি/দলের ২০৫৫ জন সদস্যের দারিদ্র বিমোচনের লক্ষে ২০১৯-২০ অর্থ বছরের পুঁজিগঠন ঋণ বিতরণ ও আদায়ের লক্ষমাত্রা ও অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে বলে সভায় জানান। | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিংসহ ঋণ বিতরণের বিস্তারিত প্রতিবেদন আগামী সভায় অবহিত করণের জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ জানানো হয়। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৮ | **বন বিভাগ :**<br>বন বিভাগ, হাটহাজারী হাটহাজারী সভাকে জানান যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে সরা দেশে একযোগে একই সময়ে ০৫ জুন ২০২০খ্রি. তারিখে বিনা মূল্যে এক কোটি চারা বিতরণের ধারাবাহিকতায় হাটহাজারী উপজেলাতে হাটহাজারী এস.এফ.এন.টি.সি., চট্টগ্রাম উত্তর বন বিভাগের | বন বিভাগ এর সকল দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনসহ নিয়মিত মনিটরিং পূর্বক অবহিতকরণের জন্য সহকারী বন | সহকারী বন সংরক্ষক, হাটহাজারী বন বিভাগ। |

| | | | |
|---|---|---|---|
| | পক্ষ হতে ২০,৩২৫টি চারা মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণের উপস্থিতিতে আনুষ্ঠানিকভাবে চারা বিতরণ করা হবে। এছাড়া বন বিভাগের সকল দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সংরক্ষক, হাটহাজারী বন বিভাগকে অনুরোধ জানানো হয়। | |
| ০৯ | **২নং ধলই ইউপি :**<br>চেয়ারম্যান, ২নং ধলই ইউপি সভায় জানান তার ইউনিয়নের বনের গাছ কেটে উজাড় করে দিচ্ছে পরিবেশ নষ্ট হচ্ছে তিনি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। এছাড়া তার ইউনিয়নের অনেক রাস্তা মেরামত উপযোগী হয়ে পড়েছে। তিনি সেসকল রাস্তাসমূহ উপজেলা প্রকৌশলীকে পরিদর্শনপূর্বক ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১০ | **৪নং গুমানমর্দ্দন ইউপি :**<br>চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউপি সভায় জানান ডিসি সড়কটি সম্পূর্ণ খুড়ে ফেলা হয়েছে কিন্তু কোন মালামাল সরানো হয়নি যার ফলে জনসাধারণের চলাচলের দূর্ভোগ পোহাতে হচ্ছে। তিনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। হাজী ইলিয়াছ সওদাগর সড়কটির ইস্টিমিট, টেন্ডার ও ওয়ার্ক অর্ডার দেওয়া হয়েছে কিন্তু এখনো কাজ শুরু হয়নি। এছাড়া গুমানমর্দ্দন ইউনিয়নে একটি মাত্র বাজার পেস্কার হাট বাজার বেড়ী বাধেঁর কারণে গণশৌচাগারটি ভেঙ্গে ফেলা হয়েছিল। জরুরী ভিত্তিতে একটি গণশৌচাগার নির্মাণ আবশ্যক হয়ে পড়েছে বলে সভায় অবহিত করেন। সারাং রোড বোয়ালিয়া খালে ৪০০ফুট জায়গা বিলীন হয়ে যাচ্ছে। জরুরী ভিত্তিতে মেরামত করা প্রয়োজন। তিনি আরো বলেন বেড়ী বাধেঁর উপর নতুন রাস্তা টেন্ডার হওয়ার পর নির্মাণ করা হয়নি। পরবর্তীতে সেনাবাহিনীর সাথে আলোচনাক্রমে বেড়ী বাধেঁর উপর ১৪.৫০ ফুট দৈর্ঘ রাস্তা নির্মাণ করা যাবে বলে জানান। এছাড়া কাটাখালী সরকারি প্রাথমিক বিদ্যালয় এর নতুন ভবন টেন্ডার হয়েছে ঠিকাদার কাজ করতে গেলে জনৈক ব্যক্তি কাজে বাধা প্রদান করে আসছে। তাকে ফোন করে জায়গা পরিমাপ করে সীমানা নির্ধারণ করার জন্য আসতে বললে সে আসছে না এবিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেন। একজন মুক্তিযোদ্ধাসহ পাঁচ পরিবার আগুনে সম্পূর্ণ ভূস্মিভূত হয়ে গেছে। এখন পর্যন্ত কোন প্রকার সহযোগিতা পায়নি। উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের দৃষ্টি আকর্ষণ করেন। রাজা মিয়া সড়কে দুইটা ফাটল দেখা দিয়েছে দীর্ঘ ১বৎসর যাবৎ সভায় উত্থাপন করলেও কোন কার্যকর পদক্ষেপ নেওয়া হয়নি। এছাড়া গত ১৯/১০/২০১৯ খ্রি. তারিখ মাননীয় মন্ত্রী মহোদয়কে দিয়ে ১৬টি ফলক উন্মোচন করা হয়েছে। এখনও পর্যন্ত বিল পাইনি অন্য ইউনিয়নে বিল পরিশোধ করা হলেও তার বিল পাইনি বলে জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১১ | **৬নং ছিপাতলী ইউপি :** চেয়ারম্যান, ৬নং ছিপাতলী ইউপি সভায় জানান, চাঁদগাজী সড়ক ও নুর আহমদ সড়কের অবস্থা বেশ নাজুক তিনি উপজেলা প্রকৌশলীকে সরেজমিনে সড়কসমূহ পরিদর্শনপূর্বক জরুরী ভিত্তিতে বর্ষার আগে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় মোবাইল কার্পেটিং এর প্রস্তাব করেন। তিনি আরো জানান বর্তমানে জন্ম নিবন্ধন সার্ভার বন্ধ থাকার ফলে কোন প্রকার জন্ম নিবন্ধন, সংশোধন কার্যক্রম করা যাচ্ছে না। এছাড়াও তিনি বলেন ২০১৯ সালে রাজস্ব এর ২০১৯-২০ বরাদ্দ এখনো যায় নাই। সামনে বর্ষার আগে শেষ করার অনুরোধ জানান। এছাড়া মুরাদ সড়ক, হাজী ইউসুফ সড়ক বর্ষার আগে কাজ সম্পন্ন করার বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১২===== | **৮নং মেখল ইউপি :**<br>চেয়ারম্যান, ৮নং মেখল ইউপি সভায় জানান, মেখল ইউনিয়ন প্রায় সব বিল খালি পড়ে আছে। তিনি কৃষি উপযোগী করার বিষয়ে পদক্ষেপ গ্রহণ করার জন্য কৃষি কর্মাকর্তাকে অনুরোধ জানান। এছাড়া মেখল ইউনিয়নের সব খাল খনন করা জরুরী হয়ে পড়েছে। জোয়ারের পানিতে ফসল নষ্ট হচ্ছে। তিনি বলেন খালের পাড় সংরক্ষণ করা জরুরী। এছাড়া দয়াময়ী সরকারি প্রাথমিক বিদ্যালয়ের বাউন্ডারী ওয়াল নির্মাণের জন্য ধন্যবাদ জানান। তিনি আরো বলেন রাজস্ব বিভাজন দ্রুত সম্পন্ন করে প্রকল্প বাস্তবায়নের অনুরোধ জানান। এছাড় তিনি সমাজসেবা কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে বলেন বয়স্ক ভাতা তালিকা থেকে বাদ পড়াদের বিষয়ে পুন বিবেচনা করার অনুরোধ জানান। তিনি বলেন জনসাধরণের একটি ভূল ধারণা প্রচলিত আছে সেটি হচ্ছে চেয়ারম্যান বাদ দিয়ে দিয়েছেন। তাই তিনি পুন:বিবেচনার অনুরোধ জানান। এছাড়া ঠিকাদারগণ বিল পেয়েছে কিনা সেটি ইউপি চেয়ারম্যান জানতে পারে না। তিনি ইউপি থেকে প্রত্যয়ন দেয়ার মাধ্যমে বিল ছাড় করণের জন্য সভায় প্রস্তাব করেন। ছিদ্দিকীয়া সড়কে যে কনক্রিট ব্যবহৃত হচ্ছে সেগুলো নিম্নমানের তিনি ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান এবং রমেশ মহাজন সড়ক সংস্কার প্রয়োজন বলে জানান। তিনি বলেন এটি মন্দিরের সড়ক হওয়ায় প্রচুর লোক উক্ত রাস্তা দিয়ে চলাচল করে থাকেন। এছাড়া দয়াময়ী সড়ক, এন্ডারসন সড়ক টেন্ডার হয়েছে কিনা জানতে চান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৩=== | **৯নং গড়দুয়ারা ইউপি :** চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউপি সভায় করোনাকালীন সময়ে উপজেলা পরিষদ ও উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন কার্যক্রম গ্রহণ করায় ধন্যবাদ জানান। এছাড়া তিনি কৃষি বিভাগের দৃষ্টি আকর্ষণ করে বলেন বিভিন্ন ইউনিয়নে প্রচুর | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, |

| | | | |
|---|---|---|---|
| | খালি জায়গা রয়েছে যেখানে চাষাবাদ হচ্ছে না। এই জমি গুলোকে চাষাবাদ উপযোগী করে গড়ে তোলার জন্য তিনি অনুরোধ জানান। প্রয়োজনে তার ইউনিয়ন যে সব খালি জমি রয়েছে সেগুলোকে চাষাবাদ উপযোগী করার জন্য বরাদ্দ প্রদান করা হবে। তিনি কৃষি কর্মকর্তার সহযোগিতা কামনা করেন। তিনি তার ইউনিয়ন পরিদর্শন করে একটি বিলকে চিহ্নিত করে ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানান। এছাড়া তিনি টেন্ডারকৃত প্রকল্পের ওয়ার্ক অর্ডার করে দ্রুত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন করার জন্য অনুরোধ জানান এবং যথাসময়ে ঠিকাদার কাজ সমাপ্ত করতে না পারলে জরিমানার আওতায় আনার অনুরোধ জানান এবং জনস্বাস্থ্য প্রকৌশলীকে টিউবওয়েল গুলো যথাসময়ে স্থাপন করার জন্য অনুরোধ জানান। | আর্কষণ করা হয়। | হাটহাজারী। |
| == | **১১নং ফতেপুর ইউপি :** চেয়ারম্যান, ১১নং ফতেপুর ইউপি সভায় জানান দীর্ঘ ৭মাস পর সভা অনুষ্ঠিত হচ্ছে। করোনা মহামারীতে যারা বিভিন্ন সামাজিক কর্মকান্ডে যুক্ত ছিলেন সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন। তিনি বলেন আমাদের মেয়াদ আছে আর মাত্র তিন মাসের মত রাজস্ব তহবিলের বরাদ্দ দিলে নির্বাচনের আগে অসম্পূর্ণ কাজ সমাপ্ত করা যাবে। এজন্য তিনি বিশেষভাবে অনুরোধ জানান যাতে দ্রুত সময়ের মধ্যে বরাদ্দ প্রদান করা হয়। তিনি সভার দৃষ্টি আকর্ষণ করে বলেন গত এক বছর আগে দাখিলকৃত প্রকল্পের টেন্ডার এক বছর পর কেন হয়েছে। ADP'র ১ম কিস্তি এসেছে দ্রুত বিভাজন করার অনুরোধ জানান এবং সকলকে শারদীয় শুভেচ্ছা জানান। | উথাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৪== | **১২নং চিকনদন্ডী ইউপি :** চেয়ারম্যান, ১২নং চিকনদন্ডী ইউপি সভায় কৃষি কর্মকর্তার দৃষ্টি আকর্ষণ করে বলেন তার ইউনিয়নে কৃষি বিভাগের কোন বীজের গোডাউন আছে কিনা জানতে চান। এছাড়া কৃষি কর্মকর্তাকে তার ইউনিয়ন পরিদর্শন করে যে সকল খালি বিল রয়েছে সেগুলো কিভাবে কৃষি উপযোগী করে গড়ে তোলা যায় সে বিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। তিনি আরো জানান রাজস্ব তহবিলের অর্থ দ্রুত বিভাজনপূর্বক প্রকল্প বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | উথাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৫== | **১৩নং দক্ষিণ মাদার্শা ইউপি :** চেয়ারম্যান, ১৩নং দক্ষিণ মাদার্শা ইউপি সভায় জানান, তার ইউনিয়নে কয়েশ খানি জমি খালি পড়ে রয়েছে যে গুলো যথাযথ উদ্যোগ না নেয়ার ফলে কৃষি উপযোগী করা যাচ্ছে না। তিনি বলেন তার ইউনিয়নে তিন জন মহিলা ব্লক সুপার ভাইজার রয়েছে। তাদের তেমন কোন কার্যক্রম দৃশ্যমান নয়। তিনি কৃষি কর্মকর্তাকে তার ইউনিয়ন পরিদর্শন করে উক্ত খালি জায়গাসমূহ কৃষি উপযোগী করা যায় কিনা তা যাচাই বাছাই করে ব্যবস্থা গ্রহণের অনুরোধ জানান। এছাড়া তিনি মদুনাঘাট রাস্তা মেরামত উপযোগী হয়ে পড়েছে বলে জানান এবং ব্যারিস্টার সানাউল্লাহ সড়ক ও দাতারাম সড়ক জরুরী ভিত্তিতে সংস্কার করা প্রয়োজন বলে জানান। এছাড়া ADP ও রাজস্ব বিভাজন দ্রুত সম্পন্নপূর্বক প্রকল্প বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। | উথাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আর্কষণ করা হয়। | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ১৬== | **১৫নং বুড়িশ্চর ইউপি** : চেয়ারম্যান, ১৫নং বুড়িশ্চর ইউপি সভায় করোনায় মৃত্যু বরণকারী সকলের আত্মার মাগফেরাত কামনা করেন। তিনি বুড়িশ্চর ইউনিয়নে বেড়িবাঁধ না থাকায় জোয়ারের পানিতে বিভিন্ন এলাকা প্লাবিত হচ্ছে বলে জানান। তিনি এবিষয়ে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। এছাড়া ইউনিয়ন পরিষদ রাস্তাসহ বিভিন্ন এলাকার রাস্তাসমূহ নাজুক অবস্থা হয়ে পড়েছে। মেরামতের করার ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান এবং জনস্বাস্থ্য প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বলেন যাতে দ্রুততম সময়ের মধ্যে তার ইউনিয়নে সকল টিউবওয়েল স্থাপনের অনুরোধ জানানো হয়। | উথাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৭ | **মহিলা ভাইস চেয়ারম্যান :** মহিলা ভাইস চেয়ারম্যান সভায় জানান স্ট্যান্ডিং কমিটির কার্যক্রম চালু না থাকায় বিভিন্ন সুযোগ সুবিধা হতে বঞ্চিত হতে হচ্ছে। সকলকে সমন্বয় করে কাজ করার অনুরোধ জানান। তিনি বলেন উপজেলার বিভিন্ন দপ্তরের অনুষ্ঠানে তাদের নাম থাকে না ও ঠিক মত দাওয়াত দেয়া হয় না এবং যথাযথ সম্মান না পাওয়া কারণে উপজেলা নারী দিবসের অনুষ্ঠানে উপস্থিত হননি বরং একটি এনজিও উদ্যোগে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বলে জানান। উপজেলায় বিভিন্ন অনুষ্ঠানে যথাযথ সম্মান না পাওয়ায় উপস্থিত হননা বলেন জানান। এছাড়া তিনি বর্তমান মহামারী করোনা ভাইরাস সকলকে সচেতন থাকার অনুরোধ জানান। | উথাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৮ | **ভাইস চেয়ারম্যান :** ভাইস চেয়ারম্যান, সভায় সকল বিভাগীয় প্রধানদের জনপ্রতিনিধিদের সাথে সমন্বয় করে কাজ করার অনুরোধ জানান। তিনি জানান, জনপ্রতিনিধিদের বাদ দিয়ে কোন কর্মকান্ড করা যাবে না। অনেক সময় কোন দপ্তরের কোন অনুষ্ঠান হয়ে যাওয়ার পর জানতে পারি। যেটি খুবই দু:খ জনক। তিনি বন বিভাগের প্রতি অনুরোধ করেন ৫ বছরের উপকারভোগীদের নামের তালিকা দেয়ার জন্য। তিনি বলেন প্রতিটি বিভাগের প্রতিবেদন ঠিকমত দেয়া হচ্ছে না এবং সভায় উপস্থিতির হার কমে যাচ্ছে। তিনি সকল বিভাগীয় প্রধানদের সভায় নিয়মিত উপস্থিত হওয়ার বিষয়ে দৃষ্টি আকর্ষণ করেন। | উথাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৯ | **চেয়ারম্যান** : | | |

| | | | |
|---|---|---|---|
| | চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী সভায়, গত তিন সভায় অনুপস্থিতিদের তালিকা করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য স্ব-স্ব বিভাগীয় অফিসে পত্র প্রেরণ করা হবে বলে জানান। কোন কোন ইউনিয়নে কি কি কাজ করা প্রয়োজন সেটি পরিদর্শন করে ব্যবস্থা নেয়ার বিষয়ে উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করেন। তিনি বলেন জনপ্রতিনিধিগণ জনগণের কাছে ওয়াদাবদ্ধ। যে সকল ইউপিতে রাস্তাসমূহের কাজ চলমান রয়েছে সে সেকল কাজের ঠিকাদারকে সহযোগিতা করার জন্য অনুরোধ করেন। এছাড়া তিনি বুড়িশ্চর ইউনিয়নে হালদায় জোয়ারের পানিতে নিচু এলাকা তলিয়ে যাওয়ায় বেড়ি বাঁধ নির্মাণের বিষয়ে পানি উন্নয়ন বোর্ডের সাথে আলোচনা করে ব্যবস্থা নেয়া হবে বলে জানান। গুমানমর্দ্দনের অগ্নিকান্ডে ক্ষতিগ্রস্থদের সহযোগিতা প্রদান করা হবে বলে জানান। তিনি করোনা ভাইরাস সম্পর্কে সকলকে সচেতন থাকার ও সরকারের স্বাস্থ্যবিধি মেনে চলতে স্ব-স্ব এলাকার জনসাধারণকে সচেতন করার ব্যবস্থা গ্রহণের জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। | উত্থাপিত বিষয়াদি যাচাই বাছাই করে এবিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট বিভাগের দৃষ্টি আর্কষণ করা হয়। | ১। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী।<br>২। উপজেলা প্রকৌশলী, হাটহাজারী।<br>৩। ইউপি চেয়ারম্যান (সকল), হাটহাজারী। |

সভাপতি সকল বিভাগের উন্নয়ন কর্মকান্ড যথাসময়ে সম্পন্ন করার এবং অদ্যকার সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ যথাযথ বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করেন। আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি কর্তৃক উপস্থিত সকলকে পুনঃরায় ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

**স্বাক্ষরিত/-**
**(এস এম রাশেদুল আলম)**
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
হাটহাজারী, চট্টগ্রাম।
ফোন : ০৩১-২৬০১৮০০
ই-মেইল : uzc.hathazari.ctgbd@gmail.com

স্মারক নং : ০০.৫০৮.০০৬.০০.০৮.০০১.২০২০.                    তারিখ :      /      /২০২০খ্রি.

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে :**

১। ব্যারিস্টার আনিসুল ইসলাম মাহমুদ, এমপি, ২৮২ চট্টগ্রাম-৫।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৪। জেলা প্রশাসক, চট্টগ্রাম।
৫। উপজেলা নির্বাহী অফিসার, হাটহাজারী, চট্টগ্রাম।
৬। ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৭। মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী, চট্টগ্রাম।
৮। উপজেলা ________________________ কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম।
৯। চেয়ারম্যান, ________________________ ইউনিয়ন পরিষদ (সকল), হাটহাজারী, চট্টগ্রাম।
১০। সংরক্ষণ নথি।

## পরিশিষ্ট –'ক'

০৯/০৩/২০২০ খ্রি. তারিখ অনুষ্ঠিত জানুয়ারী মাসের উপজেলা পরিষদের সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা (জনপ্রতিনিধি/কর্মকর্তাবৃন্দ/অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাবৃন্দ) :

### উপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | উপস্থিত ভাইস-চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |
| ০২. | মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাটহাজারী। |

| ক্রঃ নং | উপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | চেয়ারম্যান, ১নং ফরহাদাবাদ ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০২. | চেয়ারম্যান, ২নং ধলই ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৩. | চেয়ারম্যান, ৪নং গুমানমর্দ্দন ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৪. | চেয়ারম্যান(প্রতিনিধি), ৫নং নাঙ্গলমোড়া ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৫. | চেয়ারম্যান, ৬নং ছিপাতলী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৬. | চেয়ারম্যান, ৮নং মেখল ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৭. | চেয়ারম্যান, ৯নং গড়দুয়ারা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৮. | চেয়ারম্যান, ১০নং উত্তর মার্দাশা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০৯. | চেয়ারম্যান, ১১নং ফতেপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১০. | চেয়ারম্যান, ১২নং চিকনদন্ডী ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১১. | চেয়ারম্যান(প্রতিনিধি), ১৩নং দক্ষিণ মাদার্শা ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ১২. | চেয়ারম্যান, ১৫নং বুড়িশ্চর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্রঃ নং | উপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০২. | উপজেলা মৎস্য কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৩. | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৪. | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৫. | উপজেলা প্রকৌশলী, হাটহাজারী। |
| ০৬. | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৭. | উপজেলা সমবায় কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৮. | রেঞ্জ কর্মকর্তা, হাটহাজারী রেঞ্জ। |
| ০৯. | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক কর্মকর্তা, হাটহাজারী। |
| ১০. | উপজেলা আনসার ভিডিপি কর্মকর্তা, হাটহাজারী। |

| ক্র:নং | উপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিত মহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ইশরাত সাহেরা, সংরক্ষিত মহিলা সদস্য |

### অনুপস্থিতির তালিকা :

| ক্রঃ নং | অনুপস্থিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দ : |
|---|---|
| ০১. | চেয়ারম্যান, ৩নং মির্জাপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |
| ০২. | চেয়ারম্যান, ১৪নং শিকারপুর ইউনিয়ন পরিষদ, হাটহাজারী। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সদস্য |
|---|---|
| ০১. | কমান্ডার, বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, হাটহাজারী উপজেলা। |
| ০২. | সচিব, হাটহাজারী পৌরসভা। |

| ক্র:নং | অনুপস্থিত উপজেলা পরিষদ সংরক্ষিত মহিলা সদস্য |
|---|---|
| ০১. | জনাব ফাতেমা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |
| ০২. | জনাব ছেনোয়ারা বেগম, সংরক্ষিত মহিলা সদস্য |

| ক্রঃ নং | অনুপস্থিত কর্মকর্তাবৃন্দ : |
|---|---|
| ০১. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা, হাটহাজারী, চট্টগ্রাম। |
| ০২. | সহকারী প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ০৩. | উপ-বিভাগীয় প্রকৌশলী, মদুনাঘাট পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, হাটহাজারী। |
| ০৪. | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, হাটহাজারী। |
| ০৫. | সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর |
| ০৬. | সিনিয়র ষ্টেশন অফিসার, ফায়ার সার্ভিস, হাটহাজারী। |
| ০৭. | উপজেলা সমন্বয়কারী, একটি বাড়ি একটি খামার প্রকল্প, হাটহাজারী। |
| ০৮. | উর্দ্ধতন উপ-সহকারী প্রকৌশলী (নির্মাণ), বিএডিসি, হাটহাজারী। |
| ০৯. | পল্লী জীবিকায়ন প্রকল্প কর্মকর্তা (পজীপ), হাটহাজারী। |
| ১০. | উপজেলা কৃষি কর্মকর্তা, হাটহাজারী। |
| ১১. | উপজেলা শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী। |
| ১২. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৩. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৪. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৫. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, হাটহাজারী। |
| ১৬. | ডিজিএম, পল্লী বিদ্যুৎ সমিতি-৩, হাটহাজারী। |
| ১৭. | উপ-বিভাগীয় প্রকৌশলী, হাটহাজারী পওর উপ-বিভাগ, পানি উন্নয়ন বোর্ড, হাটহাজারী |
| ১৮. | উপ-সহকারী প্রকৌশলী (যান্ত্রিক), চট্টগ্রাম যান্ত্রিক পওর শাখা-১/২, পাউবো, চট্টগ্রাম। |